বঞ্চিত কর্মীর তহবিলের জন্য আবেদনকারীর বক্তব্যের একটি রূপরেখা

লুইস গ্যালারডো, এলেন ওয়াক্সম্যান, ডেভিড ডিসিগার্ড ক্যালিক, পুনম গুপ্তা, পাওলা এচাভ, জুলিও স্যালাস এবং হ্যামুটাল বার্নস্টাইন

আর্থিক সংগ্রামে সাহায্য করতে "বেকারত্ব বিমাকরণ" খুবই গুরুত্বপূর্ণ একটি কার্যক্রম, কিন্তু কার্যক্রমের মধ্যে কিছু ফাঁক থাকার কারণে বহু কর্মী পিছনে থেকে যান। Covid-19 মহামারীর সময়ে বিমার পরিধি বা কভারেজ বৃদ্ধি করার উদ্দেশ্যে মার্কিন ফেডারেল সরকারের কার্যক্রম এই ধরণের অনেক ফাঁক সাময়িকভাবে ঠিক করে দেয়। কিন্তু বর্ধিত কভারেজ সত্ত্বেও লাখ লাখ কর্মী বেকারত্ব ক্ষতিপূরণ পাওয়া থেকে বঞ্চিত হন। লক্ষণীয় বিষয় হল এই কভারেজ থেকে লক্ষাধিক অ-নথিভুক্ত প্রবাসী ব্যক্তি বাদ পরেন। সারা দেশ জুড়ে বিভিন্ন রাজ্য এবং এলাকাগুলি সকল বঞ্চিত কর্মীদের কার্যক্রমের আওতায় আনার জন্য কার্যক্রম তৈরির মাধ্যমে সারা দেন। সর্বাধিক বৃহৎ হল নিউ ইয়র্কের 2.1 বিলিয়নের বঞ্চিত কর্মী তহবিল (Excluded Workers Fund - EWF), একমাত্র তহবিল, যা অন্যান্য কর্মীরা সেই বছরে বেকারত্ব সংক্রান্ত যে সুবিধা পেয়েছেন সেই একই রকম আর্থিক সহায়তা প্রাপকদেরকে প্রদান করে। এই তহবিল থেকে 2021 সালে নিউ ইয়র্কের 30,000 কর্মীরা 15,600 ডলার ওয়ান-টাইম পেমেন্ট পান যা আনুমানিক 305,000 জন যোগ্য ব্যক্তির প্রায় 40 শতাংশ।

পরিবার এবং সম্প্রদায়ের (কমিউনিটির) উপর তহবিলের প্রভাব সম্পর্কে আরও জানতে আরবন ইন্সটিটিউট (Urban Institute) এবং ইমিগ্রেশন রিসার্চ ইনিশিয়েটিভ (Immigration Research Initiative) 24টি পরিপূর্ণ সাক্ষাৎকারের আয়োজন করেন: কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠান যারা আবেদনের প্রক্রিয়াটি সমর্থন করে ছিলেন এমন কর্মচারীদের সাথে 9টি, এবং তহবিলের আবেদনকারীদের সাথে 15টি। যারা বেকারত্ব ক্ষতিপূরণ পেয়েছিলেন, মহামারীর সর্বাধিক বাজে অবস্থার সময়ে এই তহবিল তাদের কাছে খুবই মূল্যবান ছিল এবং এর ফলে কর্মী ও তাদের পরিবারকে বৃহত্তর সামাজিক অন্তর্ভুক্তি ও নাগরিক সংযুক্তিকরণের পদক্ষেপ নিতে সাহায্য করে। যে সকল কর্মীরা আর্থিক সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হওয়া সত্ত্বেও পেমেন্ট পান নিই তারা দৈনন্দিন জীবনের প্রয়োজনীয়তা মেটানোর চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

বঞ্চিত কর্মী তহবিলের অর্থনৈতিক ও সামাজিক প্রভাব

মহামারী চলাকালীন এবং প্রচণ্ড কর্মহীনতার মাঝে এই সহায়তা কোনভাবে সংসার চালাতে সাহায্য করে। মহামারী যখন তুঙ্গে সেই সময়ে বেকারত্বের সংখ্যাও খুব বেড়ে যায়। বহু মানুষ যাদের কাজ চলে যায় তাদের সংসার চালাতে এই EWF-এর পেমেন্ট সাহায্য করে। এছাড়াও এটি বহু মানুষকে বাড়িতে ও কর্মস্থলে সামাজিক ও কাজের নিয়ম মেনে, বিপজ্জনক এবং অসম্মানজনক পরিস্থিতি থেকে বাঁচতে সাহায্য করে।

পরিবার ও কাজের দায়িত্ব সামলে চলা। সাক্ষাৎকারে এমন অনেক ব্যক্তি জানান যে কাজ এবং পরিবারের খেয়াল রাখতে তাদের হিমসিম অবস্থা হয়। স্কুল এবং ডে-কেয়ার বন্ধ থাকায় অনেকের ক্ষেত্রেই বাচ্চারা বাড়িতে ছিল। কিছু মানুষ যাদের মা-বাবা অথবা স্ত্রী বা স্বামী Covid-19 আক্রান্ত হন, তাদের কোয়ারিনটিনে রেখে সেবা করতে হয়। অ-নথিভুক্ত কর্মীরা সেবা করার জন্য ছুটি নিলে তাদের টাকা কাটা যায়, কিন্তু এই তহবিলের কারণে তারা নিজেদের পরিবারের খেয়াল রাখতে পারেন।

বাচ্চা ও তার পড়াশুনার খর্চা। স্কুলে এবং বাড়িতে থাকা বাচ্চাদের জন্য মহামারী খুবই কঠিন সময় ছিল। এই তহবিলের কারণে মা-বাবা এই কঠিন পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে পারেন। কেউ এমন জিনিস কেনেন যার মাধ্যমে ঘরে বসেই পড়াশুনা করা যায় আবার কেউ এই তহবিলের সাহায্যে টিউশন, জামা কাপড়, বা স্কুলের খর্চা মেটান।

URBAN INSTITUTE

Immigration Research Initiative

একজন ভদ্রমহিলা জানান যে কীভাবে এই তহবিল তার পাঁচ সন্তান সহ পরিবারটিকে বাড়ি পরিবর্তন করতে সাহায্য করে:

> একজন মা হিসেবে আপনি চাইবেন আপনার বাচ্চারা খুশি থাকুক, তাদের হাঁটাচলার জায়গা হোক এবং ভালো থাকুক। একটি ছোট্ট এক কামড়ার ঘরে কোনও জায়গা ছিল না...আমি খুবই কৃতজ্ঞ...এখন তাদের জন্য যথেষ্ট জায়গা আছে আর সবাই ভালো আছে। সুখের জীবন। এটাই তো সব মা-বাবা চান তাদের সন্তানের জন্য।

আগের জমে থাকা বিলের পেমেন্ট করা এবং ক্রমশ ঋণ মুক্ত হওয়া। কিছু সংখ্যক প্রাপকের প্রয়োজন ছিল পুঞ্জীকৃত ঋণ পরিশোধ করার এবং সেটা সম্ভব হয় এই তহবিলের কারণে। বহু সাক্ষাতকারী জানান যে এই তহবিল তাদেরকে বিপজ্জনক এলাকা বা বাড়ি থেকে বেরিয়ে আসাতে কীভাবে সাহায্য করে। একজন বলেন কীভাবে এই তহবিলের টাকা তাকে ঋণের বোঝা থেকে বের করে পরম শান্তি প্রদান করে। আরেকজন বলেন তার ঋণ পরিশোধ করতে না পারলে উৎখাত হয়ে যাওয়ার ভয় ছিল। তহবিলের টাকা পাওয়ার পর তিনি বলেন,

আমি টাকাটা তুলেছিলাম ধার পরিশোধ করার জন্য এবং এখন আমি কিছুটা দুশ্চিন্তা মুক্ত। এখন আর আমি সারাক্ষণ ঐ নিয়ে ভাবী না যে আমার এখনও এত ধার আছে, এবং আমাকে সেটা পরিশোধ করতে হবে। আমার প্রথম কাজ ছিল ঐ ধার মিটিয়ে দেওয়া।

স্থানীয় অর্থনীতি উন্নত করা। তহবিলের টাকা প্রাপকদের ভবিষ্যতের কাজের পরিকল্পনাতেও সাহায্য করে। যাদের ছোটখাট ব্যবসা যেমন রাস্তার পাশে ছোট দোকান তারা বিক্রি বাড়ানোর জন্য বা মরশুমি জিনিসের জন্য নিজেদের স্বল্প পুঁজি দিয়ে কেনাবেচা শুরু করেন। একজন ভদ্রমহিলা জানান যে তার এই টাকা গাড়ির জন্য লাগে যাতে তিনি সেটা চালিয়ে কাজে যেতে পারেন।

যোগ্যতার সংশয় থেকে বেরিয়ে স্বীকৃতি এবং বৃহত্তর সামাজিক অন্তর্ভুক্তি। এই তহবিলের আর্থিক সাহায্যের একটি সূক্ষ্ম কিন্তু গুরুত্বপূর্ণ প্রভাব ছিল কর্মীদের আত্মসম্মান বজায় থাকা, তাদের নিজেকে সমাজের অংশ হিসেবে মূল্য দেওয়া ও লোকজনের নজরে আসা। একজন কর্মী বলেন "যেন মরুভূমির মধ্যে মরূদ্যান যা আমাকে বিশাল শক্তি দেয় যেটা আমি কখনও ভাবিনি সম্ভব ছিল...আমার 50 বছরের উপর জীবনে এই প্রথম এরকম কিছু আমি দেশের কাছ থেকে পেয়েছি।" আরেকজন বলেন, "আমি [যেকাউকে চিনি তাকে] বলব, 'এটা কর। এটা কর আর ওনারা সাহায্য করবেন"। সম্প্রদায় অর্থাৎ কমিউনিটিকে সাহায্য করতে পেরে আনন্দ হয় এবং প্রায়শই লোকজনকে কমিউনিটির কাছে ও সপক্ষতা সংগঠনের কাছে নিয়ে আসে। প্রাপকরা বিভিন্ন কাজে লিপ্ত হন যেমন ড্রাইভারের লাইসেন্সের জন্য আবেদন করা, কর জমা দেওয়া, অথবা পৌর-শনাক্তকরণ কার্ড জোগাড় করা।

যেসব লোকজন যোগ্য হওয়া সত্ত্বেও তহবিলের টাকা পাননি তাদের সংগ্রাম চলতে থাকে। "কোভিড এখনও যায়নি। অসুস্থতা চলছে...ভাড়া,[তাদের] বিল, বিদ্যুৎ, ফোন- এগুলি হল এই দেশের সব থেকে বড় রোগ।" কিন্তু যারা টাকা পান তাদের জন্য এই তহবিল ছিল অর্জন করা বিজয়। একটি কমিউনিটি-ভিত্তিক গ্রুপের সদস্য কর্মী কমিউনিটির সদস্যদের প্রতিক্রিয়া বর্ণনা করেন:

অনেকেই বলছিলেন , "অবশেষে আমরা স্বীকৃতি পেলাম। আমরা যে এখানে আছি ওনারা জানেন।"

ভবিষ্যতের দিকে তাকানো। সাক্ষাতকারীরা 2021 এর EWF-কে এক যুগান্তকারী পরিবর্তন হিসেবে দেখেন কিন্তু সেই সাথে বহু মানুষকে চেনেন যারা যোগ্য হওয়া সত্ত্বেও টাকা পাননি। বহু বঞ্চিত কর্মীদের আর্থিক সহায়তা দেওয়ার মাধ্যমে এই তহবিল সুরক্ষা জালে একটি সাময়িক সংযোগ স্থাপন করে, যার উপর মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যরা নিয়মিতভাবে নির্ভর করে থাকেন। সাক্ষাৎকারীরা দীর্ঘ মেয়াদী সমাধানের প্রয়োজনীয়তার উপর জোর দেন, যাতে বেকারত্বের সমস্যা স্থায়ীভাবে মেটানো যায়। ঠিক যেমন একজন কর্মী বলেন, "আশাকরি স্থায়ী ত্রাণ বিল যত তাড়াতাড়ি সম্ভব আনা হবে। বহু লোকজন অনেক দিন ধরে অপেক্ষায় আছেন।"

এই তথ্য-পৃষ্ঠাটি এখান থেকে আহরিত - "অবশেষে আমরা স্বীকৃতি পেলাম": বঞ্চিত কর্মী তহবিলের জন্য আবেদনকারীর বক্তব্য ও দৃষ্টিভঙ্গি। সম্পূর্ণ রিপোর্ট সম্পর্কে এখান থেকে পড়ুন।

এই সংক্ষিপ্ত বিবৃতির জন্য অর্থ প্রদান করেছে Bernard and Anne Spitzer Charitable Trust (বার্নর্ড ও অ্যানে স্পিটযার চ্যারিটেবল ট্রাস্ট) এবং এটি Urban Institute and Immigration Research Institute-এর বৃহত্তর যৌথ মূল্যায়ন প্রোজেক্টের একটি অংশ। যৌথ মূল্যায়ন প্রোজেক্টটিকে অর্থ প্রদান করেছে Robin Hood Foundation, এবং Immigration Research Institute (ইমিগ্রেশন রিসার্চ ইন্সটিটিউট-কে সমর্থন করেছে Open Society Foundation (ওপেন সোসাইটি ফাউন্ডেশন)। বিবৃতিতে প্রকাশ করা অভিমত সম্পূর্ণভাবে লেখকদের এবং সেটি Urban Institute (আরবান ইন্সটিটিউট), এর ট্রাস্টি বা এর অর্থপ্রদানকারীদের উপর আরোপিত করা উচিত নয়। **urban.org/fundingprinciples** -এখান থেকে Urban Institute-এর অর্থপ্রদান সংক্রান্ত নীতি সম্পর্কে আরও জানতে পারবেন। Copyright © April 2022. Urban Institute. Urban Institute-এর স্বত্বের অধীনে এই ফাইলের প্রতিরূপ করার অনুমতি আছে।